

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২৭৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫. তৃতীয় অনুচ্ছেদ - বিতরের সালাত

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «من نَام عَن الْوِتْرِ أَوْ نَسِيَهُ فَلْيُصَلِّ إِذَا ذَكَرَ أَوْ إِذَا اسْتَيْقَظَ» . رَوَاهُ التِّرْمِذِيِّ أَبُو دَاوُد وَابْن مَاجَه

বাংলা

১২৭৯-[২৬] আবৃ সা'ঈদ আল্ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ যে লোক বিতরের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় না করে ঘুমিয়ে পড়ল অথবা আদায় করতে ভুলে গেল সে যেন যখনই স্মরণ হয় বা ঘুম হতে সজাগ হয়ে আদায় করে নেয়। (তিরমিযী, আবৃ দাউদ, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ১৪৩১, আত্ তিরমিয়ী ৪৬৫, ইবনু মাজাহ্ ১১৮৮, আহমাদ ১১২৬৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে এ মর্মে দলীল রয়েছে যে, বিতর সালাত (সালাত/নামায/নামাজ) কখনো ছুটে গেলে তা কাযা আদায় করা শারী'আত সম্মত। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অতিবাহিত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55839



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন